

নির্দিষ্টকরণ আইন, ২০০৫

২০০৫ সনের ১৭ নং আইন

[৩০ জুন, ২০০৫]

২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন

যেহেতু ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ২০০৫ইং তারিখে কার্যকর হইবে।

২০০৫-০৬ অর্থ
বৎসরের জন্য সংযুক্ত
তহবিল হইতে
৮১৪২৭,৮৩,৭৫,০০০
টাকা প্রদান

২। ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত একাশি হাজার চারশত সাতাশ কোটি তিরিশি লক্ষ পঁচাত্তর হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
	অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়			
	রাষ্ট্রপতির কার্যালয়	৩,৬৯,৫৫	০	৩,৬৯,৫৫
০১	জাতীয় সংসদ	৪৩,০৭,৮৭	৬,১৭,০০	৪৯,২৪,৮৭
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	৪০২,১৮,৫৭	৪০২,১৮,৫৭
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	২৩,৩৩,৪৩	২৩,৩৩,৪৩
	নির্বাচন কমিশন সচিবালয়	২৮,৮৪,৭৩	০	২৮,৮৪,৭৩
০৪	সংস্থাপন মন্ত্রণালয়	০	৪৭৭,১৮,২২	৪৭৭,১৮,২২
০৫	সরকারী কর্ম কমিশন	৬,৪৮,৬১	৫,০০,০০	১১,৪৮,৬১
০৬	অর্থ বিভাগ	১৩৯০১,৭৬,২৪	৮৬৪৩,৬২,১৬	২২৫৪৫,৩৮,৪০
	অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	৪৫,৭৭,৯৭	০	৪৫,৭৭,৯৭
০৭	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০	৬০৯,০৮,৬৫	৬০৯,০৮,৬৫
০৮	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৩৮৯৭,০০,০০	২৪,৫৬,৫৪	৩৯২১,৫৬,৫৪
০৯	পরিকল্পনা বিভাগ	০	৫৪৩,১১,৫৬	৫৪৩,১১,৫৬
১০	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	১২,২১,৬৮	১২,২১,৬৮
১১	বাণিজ্য মন্ত্রণালয়	০	১০৯,২১,০০	১০৯,২১,০০
১২	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	২৪৫,৩৮,৩৫	২৪৫,৩৮,৩৫
১৩	প্রতিরক্ষা মন্ত্রণালয়	১০৩,২৩,৩৫	৪৯৭২,৬৪,৭০	৫০৭৫,৮৮,০৫
১৪	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	০	২২০,১৪,৭৭	২২০,১৪,৭৭
১৫	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	৩০০১,০৩,৭৪	৩০০১,০৩,৭৪
১৬	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	৩৮২৮,৩০,৫৯	৩৮২৮,৩০,৫৯
১৭	শিক্ষা মন্ত্রণালয়	০	৫৬৫৯,৩৬,৯৪	৫৬৫৯,৩৬,৯৪
১৮	বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	০	১৯৮,৮৫,১৯	১৯৮,৮৫,১৯
১৯	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০	৪২৪০,১৬,১৭	৪২৪০,১৬,১৭
২০	সমাজকল্যাণ মন্ত্রণালয়	০	৬২৬,৭৫,৪৭	৬২৬,৭৫,৪৭
২১	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	৬৪২,৮৫,২৮	৬৪২,৮৫,২৮
২২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৮৮,৪৭,৬০	৮৮,৪৭,৬০
২৩	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৬১৬,১৮,১৬	৬১৬,১৮,১৬
২৪	তথ্য মন্ত্রণালয়	০	২৬৫,৮১,৯১	২৬৫,৮১,৯১

(অংকসমূহ হাজার টাকায়)

১	২	৩	৪	৫
২৫	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	১০০,৩০,৭১	১০০,৩০,৭১
২৬	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৫৭,০৪,৫০	৫৭,০৪,৫০
২৭	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	৩০৬,০০,৫৮	৩০৬,০০,৫৮
২৮	স্থানীয় সরকার বিভাগ	০	৫৫৮৩,৩৭,৬১	৫৫৮৩,৩৭,৬১
২৯	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৪৩০,১৬,৭৫	৪৩০,১৬,৭৫
৩০	শিল্প মন্ত্রণালয়	০	২৯৬,৬৬,৮৪	২৯৬,৬৬,৮৪
৩১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৬৪,২৯,৯৬	৬৪,২৯,৯৬
৩২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	০	১০২১,৪৫,২৭	১০২১,৪৫,২৭
৩৩	কৃষি মন্ত্রণালয়	০	২২১৩,১৬,৬১	২২১৩,১৬,৬১
৩৪	মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়	০	৫৪৮,৭১,১০	৫৪৮,৭১,১০
৩৫	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	৪১৬,৫৭,৬৯	৪১৬,৫৭,৬৯
৩৬	ভূমি মন্ত্রণালয়	০	৩১৪,৮৫,২৫	৩১৪,৮৫,২৫
৩৭	পানি সম্পদ মন্ত্রণালয়	০	১২৩৪,১৭,০৭	১২৩৪,১৭,০৭
৩৮	খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়	১৫,১৫,০৫	৪৪৯৩,১১,৩৩	৪৫০৮,২৬,৩৮
৩৯	যোগাযোগ মন্ত্রণালয়	৬৭,৩০,০০	৪৮৩৩,০৯,৪৪	৪৯০০,৩৯,৪৪
৪০	নৌ-পরিবহণ মন্ত্রণালয়	০	২৫৪,২৮,৮৩	২৫৪,২৮,৮৩
৪১	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	০	৯০,৯৩,৭৩	৯০,৯৩,৭৩
৪২	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	৩১৪,০৫,০০	১৪২৪,৪৯,২৭	১৭৩৮,৫৪,২৭
৪৩	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	৩৭০,৩৪,৪০	৩৭০,৩৪,৪০
৪৪	বিদ্যুৎ বিভাগ	০	৩২৭১,৯৬,১৭	৩২৭১,৯৬,১৭
	সুপ্রীম কোর্ট	২০,৫২,৩৭	০	২০,৫২,৩৭
৪৫	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	১৫২,৬০,১২	১৫২,৬০,১২
৪৬	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৩১,৬২,১০	৩১,৬২,১০
৪৭	দূর্নীতি দমন কমিশন	০	১০,০০,০০	১০,০০,০০
	মোট মঞ্জুরী দাবী:	১৮৪৪৬,৯০,৭৪	৬২৯৮০,৯৩,০১	৮১৪২৭,৮৩,৭৫